- বিগত এক দশকে দারিদ্র্য বিমোচনসহ কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, মানবসম্পদ উন্নয়ন প্রভৃতি ক্ষেত্রে বাংলাদেশ উন্নতি সাধন করেছে। এই উন্নতির ধারাবাহিকতায় ১৮ হাজার ৯৭৫ কি. মি. অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপন, ২ হাজার ৪ টি ইউনিয়ন পর্যায় পর্যন্ত ওয়াইফাই রাউটার স্থাপন এবং ১ হাজার ৪৮৩ টি ইউনিয়নকে নেটওয়ার্ক মনিটরিং সিস্টেমে সংযুক্ত করা হয়েছে।

- বর্তমানে ওয়েবসাইট বা ওয়েব পোর্টালের মাধ্যমে বাংলাদেশ সরকারের যেকোনো তথ্য ও দিকনির্দেশনা সরাসরি জনগণের কাছে পৌঁছে দেওয়া যাচ্ছে।

- সরকারি সেবা ও তথ্য বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত ছড়িয়ে দেওয়ার জন্য দেশে তৈরি করা হয়েছে বেশ কয়টি সরকারি মোবাইল হেল্পডেস্ক। এই মোবাইল হেল্পডেস্কগুলোর নির্দিষ্ট নম্বরে কল করার মাধ্যমে মানুষ সহজেই সরকারি তথ্য ও সেবা পাচ্ছে। এই সবগুলো নম্বর টোল ফ্রি সেবার আওতায় বর্তমানে বাংলাদেশে এমন বেশ কয়টি সরকারি হটলাইন নম্বর রয়েছে।

- বাংলাদেশে বর্তমানে মোবাইল ফোন ব্যবহারকারীর সংখ্যা প্রায় ১২ কোটি। ফলে সরকারি কোনো বিশেষ ঘোষণা মোবাইল ফোনের ক্ষুদে বার্তার মাধ্যমে সরাসরি ঐ সকল ব্যক্তি ও তাদের পরিবারের নিকট পৌঁছে দেওয়া হচ্ছে।

- বর্তমানে বাংলাদেশের নাগরিকরা অনলাইনে আবেদন করে দেশের ৬৪টি জেলায় স্থাপিত ই-সেবা কেন্দ্র থেকে জমি-জমা সংক্রান্ত বিভিন্ন দলিলের সত্যায়িত অনুলিপি সংগ্রহ করতে পারে। এই মোবাইল হেল্পডেস্কগুলোর নির্দিষ্ট নম্বরে কল করার মাধ্যমে নাগরিকরা সরকারি তথ্য ও সেবা পাচ্ছে।

- চিনিকলের ইক্ষু সরবরাহের অনুমতিপত্র বা পুর্জি স্বয়ংক্রিয় করা হয়েছে । এবং কৃষকরা বর্তমানে মোবাইলে তাদের পুর্জি পাচ্ছে।

- বাংলাদেশে অনলাইন বেচাকেনা ও ই-কমার্সের বিস্তৃতির কারণে গড়ে উঠেছে অসংখ্য ই-কমার্স সাইট। যেগুলোর মাধ্যমে গ্রাহক সেবার পাশাপাশি কর্মসংস্থান সৃষ্টি হয়েছে।

- সকল শ্রেণির পাঠ্যপুস্তক অনলাইনে সহজে প্রাপ্তির জন্য সরকারিভাবে শিক্ষার্থীদের জন্য একটি ই-বুক প্ল্যাটফরম তৈরি হয়েছে। এতে ৩০০টি পাঠ্যপুস্তক ও ১০০টি সহায়ক পুস্তক রয়েছে।

- শিক্ষাক্ষেত্রে বর্তমানে গড়ে উঠেছে বিভিন্ন অনলাইন শিক্ষামূলক প্ল্যাটফরম, যেগুলোর শিক্ষার্থীদের পাশাপাশি কর্মসংস্থানও তৈরি হচ্ছে।

- নাগরিকদের নিকট স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে সরকার বিভিন্ন স্থানে `টেলিমেডিসিন সেবাকেন্দ্র, গড়ে তুলেছে। সরকারি হাসপাতালসমূহের ব্যবস্থাপনা সম্পর্কে যেকোনো তথ্য বা অভিযোগ মোবাইল ফোনে অথবা ক্ষুদে বার্তার মাধ্যমে পাঠানোর ব্যবস্থা নেওয়া হয়েছে।

- বাড়িতে বসেই এখন আয়কর দাতারা আয়করের হিসাব করতে পারেন এবং রিটার্ন তৈরি ও দাখিল করতে পারেন।

- পোস্টাল ক্যাশ কার্ড, মোবাইল ব্যাংকিং, ইলেক্ট্রনিক মানি ট্রান্সফার সিস্টেম ইত্যাদির মাধ্যমে বর্তমানে এক স্থান থেকে অন্য স্থানে অর্থ প্রেরণ তুলনামূলক সহজ ও দ্রুততর হয়েছে। ইন্টারনেট ও অনলাইন ব্যাংকিংয়ের মাধ্যমেও টাকা স্থানান্তরিত করা যায়। বর্তমানে বাংলাদেশের কিছু জনপ্রিয় মোবাইল ব্যাংকিং সেবা হলো- বিকাশ, রকেট, টি-ক্যাশ, নগদ, সিটি টাচ, ইউপে (Upay), Easy Cash।

- গ্রাহকরা বিদ্যুৎ, পানি ও গ্যাস বিল অনলাইনে অথবা মোবাইল ফোনে পরিশোধ করতে পারেন।

- সকল পাবলিক পরীক্ষার ফলাফল প্রকাশ; স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ভর্তির আবেদন; পরীক্ষার রেজিস্ট্রেশন; চাকরির আবেদন; জন্ম নিবন্ধন; ব্যবসা প্রতিষ্ঠানের নিবন্ধন ইত্যাদি ক্ষেত্রে আইসিটির ব্যবহারের ফলে এখন মানুষ ঘরে বসেই এসকল কাজ করতে পারছে এবং এ সংক্রান্ত যেকোনো তথ্য জানতে পারছে।
- প্রায় সকল ট্রেন, বাস ও প্লেনের টিকিট অনলাইনে বা মোবাইলে সংগ্রহ করা যায় বলে আলাদা করে লাইনে দাঁড়িয়ে সংগ্রহ করতে হয় না।
- সরকারের বড় বড় উন্নয়নমূলক কাজে টেন্ডার নিয়োগের জন্য বর্তমানে 'ই-টেন্ডার, নামক বিশেষ ওয়েব পোর্টাল ব্যবহার করা হচ্ছে বলে এসকল কাজে উল্লেখযোগ্য পরিমাণে দুর্নীতি হ্রাস পেয়েছে।
- ২০১৮ সালের ১২ মে মহাকাশে প্রেরণ করা হয় বাংলাদেশের প্রথম কৃত্রিম উপগ্রহ 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১,। যার মাধ্যমে নিজস্ব স্যাটেলাইট উৎক্ষেপণকারী দেশের তালিকায় বাংলাদেশের অবস্থান হয় ৫৭তম।
- সারাদেশে উন্নত ও দ্রুতগতির ইন্টারনেট সংযোগ এবং বাইরের পৃথিবীর সঙ্গে যোগাযোগের জন্য বাংলাদেশ বর্তমানে দুইটি সাবমেরিন ক্যাবলের সঙ্গে যুক্ত, যথাঃ SEA-ME-WE-4 ও SEA-ME-WE-5।
- ইন্টারনেটে বাংলায় তথ্য অনুসন্ধানের জন্য বাংলাদেশের প্রযুক্তিবিদরা তৈরি করেছেন দেশের প্রথম নিজস্ব বাংলা সার্চ ইঞ্জিন 'পিপীলিকা, (www.pipilika.com)।
- সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে বাংলাদেশের প্রযুক্তিবিদরা তৈরি করেছেন 'ইলেকট্রনিক ভোটিং মেশিন, বা ইভিএম, যার মাধ্যমে কাগজ-কালি ছাড়া সম্পূর্ণ পরিবেশবান্ধব প্রযুক্তিতে ভোট গ্রহণ করা যাচ্ছে। ডিজিটাল প্রযুক্তিতে ভোট গ্রহণ এবং ভোট শেষে স্বয়ংক্রিয়ভাবে ফলাফল গণনা ও সংরক্ষণ করা যাচ্ছে।
- এস্তোনিয়াভিত্তিক 'ই-গভর্নেন্স একাডেমি ফাউন্ডেশন,-এর করা জাতীয় সাইবার নিরাপত্তা সূচকে বিশ্বের ১৬০টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৩৮তম, যেখানে দক্ষিণ এশিয়ায় বাংলাদেশের অবস্থান ১ম।

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) ২০৩০

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) হলো ভবিষ্যত আন্তর্জাতিক উন্নয়ন সংক্রান্ত একগুচ্ছ লক্ষ্যমাত্রা। জাতিসংঘ লক্ষ্যগুলো প্রণয়ন করেছে এবং "টেকসই উন্নয়নের জন্য বৈশ্বিক লক্ষ্যমাত্রা, হিসেবে লক্ষ্যগুলোকে প্রচার করেছে। এসব লক্ষ্য সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা -কে প্রতিস্থাপন করেছে, যা ২০১৫ সালের শেষ নাগাদ মেয়াদোত্তীর্ণ হয়ে গেছে। SDGs-এর মেয়াদ ২০১৬ থেকে ২০৩০ সাল। এতে মোট ১৭টি লক্ষ্যমাত্রা ও ১৬৯টি সুনির্দিষ্ট লক্ষ্য অন্তর্ভুক্ত রয়েছে । ২৫-২৭সেপ্টেম্বর যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক UN Sustainable Development Summit এ বিভিন্ন দেশের সরকার প্রধানদের আলোচনার মধ্যমে এ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সম্মেলনের বিষয়বস্তু Transforming our world: the 2030 Agenda for Sustainable Development।

২০১৬ থেকে ২০৩০ মেয়াদে এসডিজির ১৭টি লক্ষ্যের উদ্দেশ্য হলো: দারিদ্র্য দূরীকরণ, খাদ্য নিরাপত্তা, পুষ্টিমান উন্নয়ন, স্বাস্থ্যমান অর্জন, মানসম্পন্ন শিক্ষার সুযোগ সৃষ্টি, নারীর সর্বজনীন ক্ষমতায়ন, নিরাপদ পানি ও স্যানিটেশন, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলাসহ সামুদ্রিক সম্পদ সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করা।

টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে আগের চেয়ে এগিয়ে গেছে বাংলাদেশ। পরিবর্তনশীল বিশ্বে সমতা ও বৈষম্যহীন উন্নয়ন নিশ্চিত করতে জাতিসংঘের সদস্য রাষ্ট্রগুলো ৬ বছর আগে টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা (এসডিজি) স্থির করে। এতে বাংলাদেশসহ তিনটি দেশ তাদের আগের অবস্থান থেকে সবচেয়ে বেশি উন্নতি করেছে।

এই তালিকায় বাংলাদেশ ছাড়া অপর দুটি দেশ হলো আফগানিস্তান ও আইভরি কোস্ট। জাতিসংঘের সাসটেইনেবল ডেভেলপমেন্ট সলিউশনস নেটওয়ার্ক (এসডিএসএন) সোমবার তাদের প্রতিবেদন প্রকাশ করেছে। এতে তিন দেশের অগ্রগতির বিষয়টি উঠে এসেছে। প্রতিবেদনে বলা হয়েছে, ২০১০ সালের পর থেকে পূর্ব ও দক্ষিণ এশিয়ার দেশগুলো এসব লক্ষ্য পূরণের পথে সবচেয়ে বেশি এগিয়েছে।

এবারের এসডিজি সূচকে বিশ্বের ১৬৫টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১০৯তম। চার বছর আগে অর্থাৎ ২০১৭ সালের সূচকে ১৫৭টি দেশের মধ্যে বাংলাদেশ ছিল ১২০তম অবস্থানে। ২০১৫ সালের পর থেকে এসডিজি সূচকে স্কোরের দিক দিয়ে সবচেয়ে বেশি এগিয়েছে বাংলাদেশ, আইভরি কোস্ট এবং আফগানিস্তান। এসডিজি সূচকে ১শ,র মধ্যে বাংলাদেশের স্কোর ৬৩.৫। বাংলাদেশের প্রতিবেশী দেশগুলোর মধ্যে এবারের সূচকে ভুটানের অবস্থা সবচেয়ে ভালো। ৬৯.৯৮ স্কোর নিয়ে দেশটির অবস্থান সূচকের ৭৫ নম্বরে। অপরদিকে বাংলাদেশের চেয়ে পিছিয়ে আছে প্রতিবেশী ভারত ও পাকিস্তান। তালিকায় ভারতের অবস্থান ১২০ এবং স্কোর ৬০.০৭। অপরদিকে ৫৭.৭২ স্কোর নিয়ে পাকিস্তানের অবস্থান ১২৯তম।

Bangladesh

DIGITAL

অভীষ্ট-১

সর্বত্র সব ধরনের দারিদ্র্যের অবসান

৭ টি লক্ষ্যমাত্রার আওতায় ১৪ টি সূচক

জাতীয় উচ্চ দারিদ্র্য রেখার নীচে বরবাসকারী জনগোষ্ঠীর অনুপাতের ভিত্তিতে জাতীয় দারিদ্র্য পরিমাপ করা হয়। ধারাবাহিকভাবে ২০১০ সালে এ দারিদ্র্য ৩১.৫% নেমে আসে এবং ২০১৬ সালে ২৪.৩% নেমে আসে। সাম্প্রতিক প্রক্ষেপণ অনুযায়ী ২০১৯ সালে এ দারিদ্র্য ২০.৫% হ্রাস পেয়েছে। এছাড়া, নিম্নদারিদ্র্য বা হতদারিদ্র্য জনগোষ্ঠীর হার ১০.৫% নেমে এসেছে। দেশে জিডিপি.র প্রবৃদ্ধি অব্যাহত থাকলে এবং সামাজিক নিরাপত্তা বেস্টনীর আওতায় কার্যক্রম অব্যাহত থাকলে এসডিজি ১ এর মাইলফলক স্পর্শ করা সম্ভব হবে।

অভীষ্ট-২

ক্ষুধার অবসান, খাদ্য নিরাপত্তা ও উন্নত পুষ্টিমান অর্জন এবং টেকসই কৃষির প্রসার

৮ টি লক্ষ্যমাত্রার আওতায় ১৩ টি সূচক

অপুষ্টি রোধে বাংলাদেশ ক্রমান্বয়ে অগ্রগতি সাধন করছে। অপুষ্টির শিকার জনগোষ্ঠীর হার ২০১৬ সালে ছিল ১৬.৪% এবং ২০১৭ সালে ছিল ১৪.৭%। তবে পাঁচ বছরের কম বয়সী শিশুদের খর্বতা কমানোর ক্ষেত্রে অগ্রগতি উল্লেখযোগ্য। ১৯৯৬-৯৭ সালে পাঁচ বছরের কম বয়সীদের মধ্যে খর্বকায় শিশুর হার ছিল ৬০%, ২০১৯ সালে তা ২৮% নেমে এসেছে। ২০০৭ থেকে ২০১৯ সালের মধ্যে পাঁচ বছরের কম বয়সীদের ক্ষেত্রে কম ওজনের শিকার শিশুদের হার অর্ধেকে নেমে এসছে। ২০১৫ সাল হতে সরকার জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল গ্রহণ করেছে। বাংলাদেশ বদ্বীপ পরিকল্পনা ২১০০ প্রণয়ন করেছে। এ দুটি দলিল এসডিজি ২ এর সাথে সঙ্গতিপূর্ণ। এসডিজি ২ অর্জনের লক্ষ্যে সরকার বিভিন্ন চ্যালেঞ্জ চিহ্নিত করে কার্যক্রম বাস্তবায়িত করছে।

অভীষ্ট-৩

সকল বয়সী সকল মানুষের জন্য সুস্বাস্থ্য ও কল্যাণ নিশ্চিতকরণ

১৩ টি লক্ষ্যমাত্রার আওতায় ২৭ টি সূচক

দেশে মাতৃমৃত্যুর হার উল্লেখযোগ্যভাবে কমে এসেছে এবং দক্ষ ও স্বাস্থ্যকর্মীর মাধ্যমে সন্তান প্রসবের সংখ্যাও বেড়েছে। ৫ বছরের কম বয়সী শিশুদের মৃত্যুর হার ২০১৯ সালে প্রতি হাজারে ২৮ জনে নেমে এসেছে যেখানে ১৯৯৫ সালে ছিল ১২৫ জন। ৫ বছরের কম বয়সী শিশুদের মৃত্যু রোধের ক্ষেত্রে বাংলাদেশ উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করেছে। এইচআইভি, যক্ষা, ম্যালেরিয়া নিয়ন্ত্রণে উল্লেখযোগ্য অগ্রগতি রয়েছে। ১৫-১৯ বছর বয়সী কিশোরীদের বিবাহের হার উল্লেখযোগ্যভাবে কমেছে ১৯৯৯ সালে প্রতি হাজারে এর সংখ্যা ছিল ১৪৪ জন ২০১৯ সালে তা ৮৩ জনে নেমে এসেছে। নারীদের মধ্যে উচ্চশিক্ষার প্রসার, শ্রমবাজারে নারীর অংশগ্রহণ বৃদ্ধি এবং স্বাস্থ্য ও শিক্ষা খাতে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের ফলে এসডিজি ৩ বাস্তবায়নে ভালো অবস্থানে রয়েছে সরকার।

অভীষ্ট-৪

সকলের জন্য অন্তর্ভুক্তিমূলক ও সমতাভিত্তিক মানসম্মত শিক্ষার নিশ্চিতকরণ এবং জীবনব্যাপী শিক্ষালাভের সুযোগ সৃষ্টি

১০ টি লক্ষ্যমাত্রার আওতায় ১১ টি সূচক

২০১৯ সালের বহুমাত্রিক গুচ্ছ জরিপ অনুযায়ী ২য় ও ৩য় শ্রেণীর শিক্ষার্থীদের মধ্যে বাংলা পঠনের ন্যূনতম দক্ষতা অর্জন করেছে ২৫.৯% শিক্ষার্থী এবং অংক কষার ক্ষেত্রে ১৩% শিক্ষার্থী। এত অংশ নেয়া শিশুর ৭৪.৫% স্বাস্থ্য, শিখন ও মনোসামাজিক উন্নয়নে সঠিক পথে রয়েছে। তবে শহরাঞ্চলের শিশুদের এমন উন্নয়নের ধারা গ্রামাঞ্চলের শিশুদের তুলনায় বেশী। মেয়ে শিশুদের স্কুলগামিতা

বাড়াতে বেশ কিছু উদ্যোগ নিয়েছে সরকার যেমন-প্রাথমিক পর্যায়ে খাদ্য ও নগদ সহায়তা প্রদান, মাধ্যমিক পর্যায়ে বৃত্তি ও টিউশন ফি প্রদান। পূর্ণবয়স্ক স্বাক্ষরতার হার ২০০৫ সালে ৫৩% হতে ২০১৮ সালে ৭৪% উন্নীত হয়েছে। প্রাথমিক শিক্ষা কার্যক্রমের বাইরে থাকা প্রায় ৪০ লক্ষ শিশুকে স্কুলে অন্তর্ভুক্তি নিশ্চিত করা একটা বড় চ্যালেঞ্জ। শিক্ষায় প্রবেশের ক্ষেত্রে তাদের বিভিন্ন বাধা রয়েছে যেমন-জীবিকার তাগিদে শিশুশ্রমের শিকার, শারিরীক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃগোষ্ঠী পরিবার, দুর্গম এলাকার শিশু, বস্তিতে বসবাসকারী শিশু, চরম দারিদ্র্যে নিমজ্জিত পরিবারের শিশু। এ চ্যালেঞ্জগুলো নিরসনে নিরলসভাবে কাজ করে যাচ্ছে সরকার।

5 GENDER EQUALITY

অভীষ্ট-৫

জেন্ডার সমতা অর্জন এবং সকল নারী ও মেয়েদের ক্ষমতায়ন

৯ টি লক্ষ্যমাত্রার আওতায় ১৪ টি সূচক

২০১৯ সালের বৈশ্বিক জেন্ডার গ্যাপ সূচকে ১৫৩টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৫০ তম। রাজনীতিতে নারীর ক্ষমতায়নের ক্ষেত্রে বাংলাদেশের অবস্থান ৭ম। দক্ষিণ এশিয়ার প্রতিবেশী দেশগুলোর মধ্যে টানা পঞ্চমবার বাংলাদেশ শীর্ষ অবস্থান ধরে রেখেছে। ১৯৯০ সালে প্রাথমিক শিক্ষা স্তরে মেয়ে শিক্ষার্থীর সংখ্যা ছিল ৫৪ লক্ষ ২০১৮ সালে তা ৮৭.৯০ লক্ষে উন্নীত হয়েছে। মাধ্যমিক পর্যায়ে মেয়েদের অন্তর্ভুক্তির হার ছিল ৩৯%, ২০১৭ সালে তা ৬৭% উন্নীত হয়েছে। জাতীয় সংসদের ২১% সদস্য নারী এবং স্থানীয় সরকারের বিভিন্ন পদে নারী সদস্যদের অনুপাত ২৫% এর বেশী। জেন্ডার সমতা রক্ষায় বেশ কিছু মৌলিক চ্যালেঞ্জ বিদ্যমান রয়েছে যেমন-নারীর প্রতি সহিংসতা, সুযোগের সমতার অভাব, বাল্য বিবাহ রোধ, নারীর আর্থিক ক্ষমতায়ন উৎসাহিতকরণ। এ ক্ষেত্রে সরকার বেশ কিছু কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করছে।

6 CLEAN WATER AND SANITATION

অভীষ্ট-৬

সকলের জন্য পানি ও স্যানিটেশনের টেকসই ব্যবস্থাপনা ও প্রাপ্যতা নিশ্চিতকরণ

৮ টি লক্ষ্যমাত্রার আওতায় ১১ টি সূচক

২০১৯ সালে জাতীয় পর্যায়ে ৪৭.৯% মানুষ নিরাপদ সুপেয় পানি সরবরাহ পরিষেবার সুযোগ পেয়েছে এবং ৯৮.৫% খানার সদস্যদের ক্ষেত্রে অধিকতর উন্নত উৎস থেকে সুপেয় পানি সংগ্রহের সুযোগ নিশ্চিত হয়েছে। ৮৪.৬% খানার সদস্যদের জন্য স্বাস্থ্যসম্মত স্যানিটেশন সেবা গ্রহণ নিশ্চিত হয়েছে। ৭৪.৮% খানার সদস্যদের মধ্যে নিয়মিত সাবান পানি দিয়ে হাত ধোয়ার সুযোগ ও অভ্যাস গড়ে উঠেছে। টেকসই পানি ব্যবস্থাপনার জন্য পানির মানোন্নয়ন ও পানির বাস্তুতন্ত্র সংরক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। ঢাকা শহরের বুড়িগঙ্গা নদীর পানির মানোন্নয়নের লক্ষ্যে হাজারিবাগের চামড়া শিল্প সাভারে স্থানান্তর করা হয়েছে। হালদা নদীর সংরক্ষণ সময়ের আবর্তনে পানি সংক্রান্ত বাস্তুতন্ত্র সংরক্ষণে উদাহরণ হয়ে থাকবে।

7 AFFORDABLE AND CLEAN ENERGY

অভীষ্ট-৭

সকলের জন্য সাশ্রয়ী, নির্ভরযোগ্য, টেকসই ও আধুনিক জ্বালানি সহজলভ্য করা

৫ টি লক্ষ্যমাত্রার আওতায় ৬ টি সূচক

সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত লক্ষ্য হলো শতভাগ জনগোষ্ঠীর জন্য বিদ্যুতের প্রাপ্যতা নিশ্চিত করা। সর্বশেষ তথ্য অনুযায়ী ৯২% মানুষকে বিদ্যুতের সুবিধার আওতায় নিয়ে আসা সম্ভব হয়েছে। জাতীয় গ্রীডে যুক্ত হওয়া বিদ্যুতের ৬৮.৮৪% উৎপাদিত হয় প্রাকৃতিক গ্যাস হতে এবং বিভিন্ন ধরনের জ্বালানি তেল দিয়ে ১৯.০৭% বিদ্যুত উৎপাদিত হয়। ২০৩০ সালের মধ্যে মোট জ্বালানি ব্যবহারের ২০% নবায়নযোগ্য উৎস হতে আহরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ২০১৮ সালে নবায়নযোগ্য উৎস হতে জ্বালানি উৎপাদিত হতো ৩.১৫%।

8 DECENT WORK AND ECONOMIC GROWTH

অভীষ্ট-৮

সকলের জন্য পূর্ণাঙ্গ ও উৎপাদনশীল কর্মসংস্থান এবং শোভন কর্মসুযোগ সৃষ্টি এবং স্থিতিশীল, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন

১২ টি লক্ষ্যমাত্রার আওতায় ১৭ টি সূচক

স্থিতিশীল উচ্চ প্রবৃদ্ধির হাত ধরে বাংলাদেশ ২০১৫ সালে নিম্ন আয় থেকে নিম্ন মধ্যম আয়ের দেশে সফলভাবে উন্নীত হয়েছে। একইসঙ্গে বাংলাদেশ জাতিসংঘের স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উত্তরণের ক্ষেত্রে তিনটি সূচকেই ২০১৮ সালে মান অর্জনে সক্ষম হয়েছে। ২০১৪-১৫ অর্থ বছরে মাথাপিছু প্রকৃত গড় বার্ষিক জিডিপি প্রবৃদ্ধির হার ৫.১% হতে ২০১৮-১৯ অর্থ বছরে ৬.৯১% উন্নীত হয়েছে। তবে এখনও প্রায় ১২.৮০ লক্ষ শিশু বিভিন্ন ধরণের ঝুকিপূর্ণ কাজে নিয়োজিত রয়েছে। এ অভীষ্ট্য অর্জনে অনেকগুলো প্রতিবন্ধকতা রয়েছে যেমন-নারীদের মধ্যে উচ্চ মাত্রার বেকারত্ব, ১৫-২৯ বছর বয়সীদের মধ্যে পর্যাপ্ত কর্মসংস্থান না থাকা, অনানুষ্ঠানিক চাকরির বাজার, দক্ষতার চাহিদা ও যোগানের মধ্যে অসঙ্গতি, বাল্য বিবাহ, শ্রমিকদের অভিবাসনের ক্ষেত্রে নানা সমস্যা। উক্ত চ্যালেঞ্জগুলো সমাধানে সরকার অনেক কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করছে।

9 INDUSTRY, INNOVATION AND INFRASTRUCTURE

অভীষ্ট-৯

অভিঘাতসহনশীল অবকাঠামো নির্মাণ, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই শিল্পায়নের প্রবর্ধন এবং উদ্ভাবনার প্রসারণ

৮ টি লক্ষ্যমাত্রার আওতায় ১২ টি সূচক

দেশের জিডিপিতে ম্যানুফ্যাকচারিং খাতের মূল্য সংযোজনের পরিমাণ উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। ২০১৭-১৮ সালে এর পরিমাণ ছিল ২২.৮৫% এবং ২০১৮-১৯ অর্থ বছরে তা ২৪.২১% উন্নীত হয়েছে। তৈরি পোশাক, বস্ত্র, খাদ্য প্রক্রিয়াকরণ, ঔষধ, চামড়া শিল্পগুলোর প্রবৃদ্ধি দেশের অর্থনীতির প্রধান চালিকা শক্তি। বাংলাদেশ বর্তমানে ১৬০০ এর অধিক প্রকারের পণ্য রপ্তানি করে। সড়ক খাতের মহাপরিকল্পনায় অবকাঠামো সম্পদের মূল্য সংরক্ষণ, আন্ত:সংযোগ বাড়ানো ও সড়ক নিরাপত্তার উন্নয়ন এ বিষয়গুলো অন্তর্ভুক্ত করা হয়েছে। দেশের টেলিযোগাযোগ পদ্ধতির আধুনিকায়ন, উন্নয়ন ও সম্প্রসারণে সরকার বেশ কিছু উদ্যোগ গ্রহণ করেছে। ২০১৯ সালের তথ্য অনুযায়ী দেশে মোবাইল ফোনের গ্রাহক সংখ্যা ১৫.৭৫ কোটি। ২০১৮ সালের মে মাসে বাংলাদেশ সফলভাবে প্রথম 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১, উৎক্ষেপণ করে। দেশের প্রায় শতভাগ মানুষ টু-জি মোবাইল নেটওয়ার্কের আওতায় এসেছে। থ্রি-জি ও ফোর জি সংযোগের হার ৭৯% উন্নীত হয়েছে।

10 REDUCED INEQUALITIES

অভীষ্ট-১০

অন্তঃ ও আন্তঃ দেশীয় অসমতা কমিয়ে আনা

১০ টি লক্ষ্যমাত্রার আওতায় ১১ টি সূচক

বাংলাদেশে ভোগের অসমতার তুলনায় আয়ের অসমতার মাত্রা অনেক বেশী। সময়ের সাথে সাথে আয় বৈষম্য বাড়লেও ভোগ বৈষম্য তুলনামূলকভাবে স্থিতিশীল পর্যায়ে রয়েছে। ২০১৮ সালে বৈদশিক উন্নয়ন সহায়তা এসেছে ৬৩৬.৯০ কোটি মার্কন ডলার এবং সরাসরি বিদেশী বিনিয়োগ এসেছে ৩৬১.৩৩ কোটি ডলার। অসমতা কমানোর লক্ষ্যে শিক্ষা খাতে ব্যয় বাড়িয়ে দেশের মোট জিডিপি,র ৩%, স্বাস্থ্য খাতে ১.২%সামাজিক সুরক্ষা খাতে ২.৩% উন্নীত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তাছাড়া, স্বাস্থ্য ও শিক্ষা খাতে সুশাসন জোরদার করা, ব্যবস্থাপনা ও সেবা সরবরাহের সক্ষমতা বাড়ানো, পিছিয়ে পড়া এলাকায় জরুরি সেবা বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।

11 SUSTAINABLE CITIES AND COMMUNITIES

অভীষ্ট-১১

অন্তর্ভুক্তিমূলক, নিরাপদ, অভিঘাতসহনশীল এবং টেকসই নগর ও জনবসতি গড়ে তোলা

১০ টি লক্ষ্যমাত্রার আওতায় ১৫ টি সূচক

বাংলাদেশে দ্রুত নগরায়ণের সাথে সাথে বস্তির সংখ্যাও বেড়ে গেছে। বস্তিবাসীর জীবনমান উন্নয়ন ও বস্তি এলাকায় মৌলিক পরিষেবাসমূহ পৌছে দিতে সরকার কাজ করছে। শহরের পরিবেশগত স্থিতিশীলতা বজায় রাখার বিষয়গুলো দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা ও বাংলাদেশ বদ্বীপ পরিকল্পনায় সন্নিবেশিত করা হয়েছে। ২০৩৫ সাল নাগাদ দেশের মোট জনসমষ্টির প্রায় অর্ধেক শহরে বাস করবে। বর্তমানে শহরাঞ্চলে বসবাসকারীদের ৬০% ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী মহানগরে বাস করে। টেকসই নগর ও জনপদ গড়ে তোলার জন্য সাশ্রয়ী মূল্যে বাসস্থানের ব্যবস্থা, পানি ও পয়:নিষ্কাশন পরিষেবা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

12 RESPONSIBLE CONSUMPTION AND PRODUCTION

অভীষ্ট-১২

পরিমিত ভোগ ও টেকসই উৎপাদন ধরন নিশ্চিত করা

১১ টি লক্ষ্যমাত্রার আওতায় ১৩ টি সূচক

গ্রামীণ পর্যায়ে খাদ্য অপচয়ের পরিমাণ ৫.৫%, ক্রয় ও প্রস্তুতকরণ পর্যায়ে অপচয় হয় ৩%, পরিবেশন পর্যায়ে অপচয় হয় ১.৪%, খাবারের থালায় অপচয় হয় ১.১%। ফসল উত্তোলন ও উত্তোলন পরবর্তী পর্যায়ে নষ্ট হয় প্রায় ১০%। শহরগুলোতে কঠিন বর্জ্য ও শিল্প বর্জ্য ব্যবস্থাপনা ও দূষণরোধে হিমশিম খাচ্ছে বাংলাদেশ। সরকারি ও বেসরকারি পর্যায়ে আধুনিক পরিচ্ছন্ন শহর গড়ার কাজ শুরু হয়েছে। যশোর শহরে সমন্বিত ভাগাড় ব্যবস্থাপনা ও বর্জ্য থেকে সম্পদ পুনরুদ্ধার ব্যবস্থা চালু করা হয়েছে। এর মাধ্যমে প্রতিদিনের বর্জ্য প্রক্রিয়াজাত করে বায়োগ্যাস, বিদ্যুৎ ও সার উৎপাদন করা হচ্ছে। সিলেট মহানগরীও সবুজ সার ধারণা প্রবর্তন করেছে। এ কার্যক্রমের আওতায় নাগরিক উদ্যোগে নগরীর বর্জ্য প্রক্রিয়াজাত করে সার তৈরি করা হচ্ছে।

13 CLIMATE ACTION

অভীষ্ট-১৩

জলবায়ু পরিবর্তন ও এর প্রভাব মোকাবেলায় জরুরি কর্মব্যবস্থা গ্রহণ

৫ টি লক্ষ্যমাত্রার আওতায় ৮ টি সূচক

দেশে নানা ধরণের প্রাকৃতিক দুর্যোগে প্রতি লক্ষ মানুয়ের বিপরীতে মৃত্যুবরণ, নিখোঁজ ও সরাসরি ক্ষতিগ্রস্তের সংখ্যা প্রতি বছরই কমছে। বর্তমানে প্রতি লাখে এ সংখ্যা ১২,৮৮১ জন এবং ২০৩০ সালে এ সংখ্যা ১৫০০ জনে নামিয়ে আনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। কার্বন ডাই অক্সাইড নির্গমন প্রশমনে গৃহীত প্রতিশ্রুতির অংশ হিসেবে বাংলাদেশ স্ব-উদ্যোগে কার্বন নির্গমন ৫% কমানোর প্রতিশ্রুতি প্রদান করেছে। উন্নয়ন সহযোগীদের সহায়তায় আরো ১৫% কমানোর বিষয়ে সম্মত হয়েছে। সরকার জলবায়ু পরিবর্তন কৌশল কর্মপরিকল্পনা হালনাগাদ করেছে। জলবায়ু পরিবর্তন সংক্রান্ত বিষয়ে কার্যকর কর্মপরিকল্পনা গ্রহণ ও ব্যবস্থাপনায় দক্ষতা বাড়াতে ২০১৮ সালে সবুজ জলবায়ু তহবিল থেকে অর্থ বরাদ্দ পেয়েছে। এ তহবিল হতে পরিচ্ছন্ন রান্না কর্মসূচি, উপকূলীয় এলাকার অধিবাসীদের অভিযোজন সক্ষমতা বাড়ানো এবং জলবায়ু অভিঘাত সহিষ্ণু অবকাঠামো উন্নয়নে কার্যক্রম চলমান রয়েছে।

14 LIFE BELOW WATER

অভীষ্ট-১৪

টেকসই উন্নয়নের জন্য সাগর, মহাসাগর ও সামুদ্রিক সম্পদের সংরক্ষণ ও টেকসই ব্যবহার

৮ টি লক্ষ্যমাত্রার আওতায় ১০ টি সূচক

বঙ্গোপসাগরের 'সোয়াচ অব নো গ্রাউন্ড' অঞ্চলে চারটি এলাকা চিহ্নিত করে বাংলাদেশ সফলভাবে উপকূলীয় সংরক্ষিত এলাকার

আওতা বাড়াতে সক্ষম হয়েছে। সমুদ্র সম্পদ সুরক্ষা, মাছ ধরার অবৈধ নৌযান বিতাড়িত করা, ইলিশের অভয়াশ্রম সুরক্ষায় তা অনেক গুরুত্বপূর্ণ। প্রজনন নির্বিঘ্নে করতে যখন মাছ ধরা নিষিদ্ধ থাকে তখন জেলে সম্প্রদায়ের জন্য সামাজিক সুরক্ষা কার্যক্রম আরো বিস্তৃত করা প্রয়োজন। সমুদ্রে মৎস্য আহরণ, গভীর সমুদ্রে জ্বালানিসহ অন্যান্য সম্পদের অনুসন্ধান, পর্যটন ও জাহাজ চলাচল কার্যক্রমে আরো বৃহত্তর সমন্বয়ের প্রয়োজন। মাত্রাতিরিক্ত মৎস্য আহরণ করা, পরিমিত সম্পদ আহরণ নিশ্চিত, অবৈধ, অজ্ঞাত ও অনিয়ন্ত্রিত মৎস্য আহরণ প্রতিরোধে আইনি কাঠামো প্রতিষ্ঠা করা একান্ত প্রয়োজন।

15 LIFE ON LAND

অভীষ্ট-১৫

স্থলজ বাস্তুতন্ত্রের পুনরুদ্ধার ও সুরক্ষা প্রদান এবং টেকসই ব্যবহারে পৃষ্ঠপোষণা, টেকসই বন ব্যবস্থাপনা, মরুকরণ প্রক্রিয়ার মোকাবেলা এবং ভূমির অবক্ষয় রোধ ও ভূমি সৃষ্টি প্রক্রিয়ার পুনরুজ্জীবন এবং জীববৈচিত্র্য হ্রাস প্রতিরোধ

১২ টি লক্ষ্যমাত্রার আওতায় ১৪ টি সূচক

বাংলাদেশের মোট ভূখন্ডের প্রায় অর্ধেক নিমজ্জিত ভূমি। জলাভূমি বাদে মোট আয়তনের ১৫% বনভূমি দ্বারা আচ্ছাদিত। ২০৩০ সাল নাগাদ বনভূমির পরিমাণ ২০% উন্নীত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সংরক্ষিত এলাকায় স্থলজ ও স্বাদুপানির জীব বৈচিত্র্যের অনুপাত ক্রমাগতভাবে বাড়ছে। ২০১৩-১৪ অর্থ বছরে এর পরিমাণ ছিল ১.৭%, ২০১৮ সালে তা ৩% উন্নীত হয়েছে এবং ২০৩০ সালে তা ৫% উন্নীত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বাংলাদেশ ২০১৪ সালে দেশের উত্তর-পূর্ব ও দক্ষিণ-পশ্চিম অঞ্চলে শকুনের জন্য অভয়াশ্রম স্থাপন করেছে। সংরক্ষিত বনাঞ্চলে গাছ কাটায় নিষেধাজ্ঞার মেয়াদ ২০২২ সাল পর্যন্ত বাগানো হয়েছে।

16 PEACE, JUSTICE AND STRONG INSTITUTIONS

অভীষ্ট-১৬

টেকসই উন্নয়নের জন্য শান্তিপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক সমাজব্যবস্থার প্রচলন, সকলের জন্য ন্যায়বিচার প্রাপ্তির পথ সুগম করা এবং সকল স্তরে কার্যকর, জবাবদিহিতাপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক প্রতিষ্ঠান বিনির্মাণ

১২ টি লক্ষ্যমাত্রার আওতায় ২৩ টি সূচক

জাতীয় মানবাধিকার কমিশন প্রতিষ্ঠা, তথ্য অধিকার আইন প্রণয়ন এই অভীষ্ট্য অর্জনে সরকারের প্রচেষ্টার পরিচয় বহন করে। দেশে পরিকল্পিত হত্যাকান্ড ও মানব পাচারের সংখ্যা উল্লেখযোগ্য হারে কমে এসেছে। কার্যকর ও জবাবদিহিতামূলক প্রতিষ্ঠান গড়ে তুলতে সরকারি দপ্তরগুলোতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, সিটিজেন চার্টার, জাতীয় শুদ্ধাচার কৌশল ও অভিযোগ নিষ্পত্তি পদ্ধতি চালু করা হয়েছে।

17 PARTNERSHIPS FOR THE GOALS

অভীষ্ট-১৭

টেকসই উন্নয়নের জন্য বৈশ্বিক অংশীদারিত্ব উজ্জীবিতকরণ ও বাস্তবায়নের উপায়সমূহ শক্তিশালী করা

১৯ টি লক্ষ্যমাত্রার আওতায় ২৫ টি সূচক

জিডিপির অনুপাতে যে মাত্রায় প্রয়োজনীয় সরকারি রাজস্ব বৃদ্ধির প্রাক্কলন করা হয়েছিল, সরকারের বিভিন্ন পদক্ষেপের ফলে রাজস্ব প্রাপ্তি তার চেয়ে বেশি মাত্রায় বৃদ্ধি পেয়েছে। রাজস্ব বাড়ানোর জন্য সরকার করদাতার সংখ্যা বাগানোর বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এসডিজির অর্জন অনেকাংশে বহি:উৎসসহ বিভিন্ন সম্পদের প্রাপ্যতার উপর নির্ভর করবে। বহি:উৎস এখানে একটি গুরুত্বপূর্ণ ক্ষেত্র। এক্ষেত্রে আন্তর্জাতিক সম্প্রদায়ের সময়োপযোগী ও পর্যাপ্ত সহায়তা একান্ত আবশ্যক। বাণিজ্য ও ব্যক্তিখাতের উন্নয়ন, স্বচ্ছতা বাড়ানো, আন্তর্জাতিক মানদন্ড অর্জন, সরবরাহকারী, মধ্যস্বত্বভোগী ও বহুমাত্রিক কর্মকুশলতা নিশ্চিত করা, বিনিয়োগের ক্ষেত্রে বাধা চিহ্নিতকরণ, কর ফাকি ও কর পরিহার রোধকল্পে এ সহায়তা একান্ত প্রয়োজন।

ভিশন ২০৪১

রূপকল্প ২০৪১ বা বাংলাদেশ ভিশন ২০৪১ বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রদত্ত এবং জাতীয় অর্থনৈতিক কাউন্সিল কর্তৃক প্রণীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থানকে আরও দৃঢ় করে গড়ে তোলার জাতীয় কৌশলগত পরিকল্পনা। ২০২২ থেকে ২০৪৪ সাল-এই বাইশ বছরের কৌশলগত পঞ্চবার্ষিকী পরিকল্পনার অংশ হিসাবে বাংলাদেশের লক্ষ্য শিল্পায়নের মাধ্যমে উচ্চ আয়ের দেশের মর্যাদা অর্জন। বাংলাদেশ থেকে রফতানি বৃদ্ধি, মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে উৎপাদন ক্ষমতা বৃদ্ধি এবং বিনিয়োগের প্রসারকে উৎসাহ দেয়া রূপকল্প ২০৪১ -এর উদ্দেশ্য।

ভিশন ২০৪১ এর উদ্দেশ্য:

- মাথাপিছু আয়, ১২,৫০০ ডলার (২০৪১ সালের মূল্যমানে ১৬,০০০ ডলারের বেশি)।
- দারিদ্র্য দূরীকরণ।
- ২০৩১ অবধি ৯% জিডিপি প্রবৃদ্ধি বজায় রাখা।
- বিনিয়োগ / জিডিপি অনুপাত ৪৬.৯ শতাংশে বৃদ্ধি করা।
- রাজস্ব কর জিডিপির ১৫% পর্যন্ত বাড়ানো ও রফতানি বৈচিত্র্য অর্জন।
- রফতানি আয় ৩০০ বিলিয়ন ডলার বৃদ্ধি করা।
- গড় আয়ু বাড়িয়ে ৮০ বছর করা।
- মোট জনসংখ্যার ৭৫% কে সার্বজনীন স্বাস্থ্যসেবা প্রদান করা।
- ২০৩১ সালের মধ্যে প্রাপ্তবয়স্কদের সাক্ষরতার হার ১০০% এ বৃদ্ধি করা।
- জনসংখ্যা বৃদ্ধি ১% এরও নিচে নামিয়ে আনা।
- কার্যকর কর এবং ব্যয়ের নীতিমালা কার্যকর করা।
- অর্থনৈতিক ও প্রশাসনিক শক্তির বিকেন্দ্রীকরণ।

ক্ষেত্র	২০২১	২০৪১
জিডিপি (ডলার)	৩৪৮ বিলিয়ন	২,৫৮০ বিলিয়ন
মাথাপিছু আয় (ডলার)	২,০৬৫	১৬,০০০
বিনিয়োগ-থেকে-জিডিপি	৩৪.৪%	৪৬.৯%
এফডিআই	$৯.৫৬ বিলিয়িন	$১৫৩ বিলিয়ন
রফতানি	$ ৪৭ বিলিয়ন	$ ৩০০ বিলিয়ন
ইনফ্রা বিনিয়োগ	$ ১৯০ বিলিয়ন	$ ১১৫০ বিলিয়ন

`প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১,এর ভিত্তিমূলে রয়েছে দুটি প্রধান অভীষ্ট:

১. ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ হবে একটি উন্নত দেশ, যেখানে মাথাপিছু আয় হবে ১২,৫০০ ডলারের বেশি;

২. বাংলাদেশ হবে সোনার বাংলা, যেখানে দারিদ্র্য হবে সুদূর অতীতের ঘটনা।

দারিদ্র্যশূন্য দেশ:

রূপকল্প ২০৪১ : একটি উচ্চ-আয় অর্থনীতি অভিমুখে, মূলত জাতির পিতার আজন্ম লালিত স্বপ্ন `দারিদ্র্য ও ক্ষুধামুক্ত, দুর্নীতি ও শোষণহীন সমৃদ্ধ এক বাংলাদেশ গড়ে তোলা,।

এ স্বপ্ন বাস্তবায়নে আগামী দু,দশকে `মোট দেশজ উৎপাদন (জিডিপি),-এর গড় প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে ৯.০২ শতাংশ হারে। প্রবৃদ্ধির এ পথ ধরে ২০৩১ সালের বাংলাদেশ হবে একটি উচ্চ-মধ্যম আয়ের দেশ।

তখন মাথাপিছু জাতীয় আয় হবে ৩,২৭১ ডলার। আর ২০৪১ সালের বাংলাদেশে সম্ভাব্য জনসংখ্যা হবে একুশ কোটি তিন লাখ। যাদের মাথাপিছু আয় হবে ন্যূনতম ১২৫০০ ডলার। চরম দরিদ্র লোক, যাদের দৈনিক আয় থাকবে ২.১৬ ডলারের কম এমন লোকের সংখ্যা কমিয়ে আনা হবে ০.৬৮ শতাংশে। আর দরিদ্র লোক, যাদের দৈনিক আয় থাকবে ৩.২০ ডলার, এমন লোকের সংখ্যা হবে ২.৫৯ শতাংশ।

এ লক্ষ্যে রফতানিমুখী শিল্পায়ন, কৃষির উৎপাদনশীলতা বৃদ্ধি, নগরের বিস্তার, দক্ষ জ্বালানি ও অবকাঠামো, দক্ষ জনশক্তি তৈরি ইত্যাদি কৌশলগত কাজ করার অঙ্গীকার করে সরকার ইতোমধ্যে বেশ কিছু কার্যক্রম হাতে নিয়েছে।

সুশাসন নিশ্চিতকরণ:

এ প্রত্যয়টি দাঁড়িয়ে আছে সুশাসন, গণতন্ত্রায়ন, বিকেন্দ্রীকরণ এবং সক্ষমতা অর্জন-এ চারটি মৌলিক ভিত্তির ওপর। `রাজনৈতিক প্রতিষ্ঠানগুলোর গুণগত মান উন্নত, করাকে দেখা হচ্ছে মূল চ্যালেঞ্জ হিসেবে। রূপকল্প ২০৪১-এ ঠিক তেমনই আর্থিক প্রতিষ্ঠান গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করা হয়েছে। বিচারব্যবস্থা নিয়ে বলা হয়েছে, `স্বাধীনভাবে, সততা ও দক্ষতা,র সঙ্গে দায়িত্ব পালন করতে হবে। তবেই দেশে অর্জিত হতে পারে সুশাসন, বৈষম্যহীন উন্নয়ন।

সামষ্টিক অর্থনৈতিক ব্যবস্থাপনা:

আগামী দু,দশক ধরে `সামষ্টিক অর্থনীতি সংশ্লিষ্ট বিভিন্ন নিয়ামক, যেমন: প্রকৃত খাত (জিডিপি, মুদ্রাস্ফীতি, বিনিয়োগ, জনসংখ্যা ইত্যাদি), আর্থিক খাত (রাজস্ব আদায়, উন্নয়ন ব্যয়),ঋণসংশ্লিষ্ট (অভ্যন্তরীণ ও বৈদেশিক ঋণপ্রবাহ), বহিঃস্থ অর্থনীতি (রেমিটেন্স প্রবাহ, আমদানি-রফতানি, বিনিময় হার, কারেন্ট অ্যাকাউন্ট ব্যালেন্স), মুদ্রাসংশ্লিষ্ট (ব্রড মানি, নিট সম্পদ) এসবের বছরভিত্তিক সুনির্দিষ্ট লক্ষ্য স্থির করা হয়েছে। রাজস্ব আয়ে প্রত্যক্ষ করের বর্তমান অবদান মাত্র ৩০ শতাংশ। ২০৪১ সাল নাগাদ তা ৫০ শতাংশে উন্নীত করতে ডিজিটাল প্রযুক্তিনির্ভর রাজস্ব প্রশাসন গড়ে তোলা হবে। ২০৪১ সালে বিনিয়োগের পরিমাণ হবে জিডিপির ৪৬.৮৮ শতাংশ, যা বর্তমানে আছে ৩২.৭৬ শতাংশ। রফতানি আয় ২০২১ সালের কাঙ্ক্ষিত ৫০ বিলিয়ন ডলার থেকে বাড়িয়ে ২০৪১ সালে করতে হবে ৩০০ বিলিয়ন ডলার।

মানবসম্পদ উন্নয়ন:

আগামী দিনের শ্রমবাজার হবে দক্ষতানির্ভর। তাই দ্রুত পরিবর্তনশীল আগামীর শ্রমবাজারে দরিদ্র জনগোষ্ঠীর প্রবেশাধিকার নিশ্চিত করার জন্য তাদের দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তুলতে হবে। সমাজের আয়বৈষম্য (পালমা অনুপাত) কমিয়ে আনার লক্ষ্যে দরিদ্র জনগোষ্ঠীর জন্য ঋণবাজারের উন্নয়ন, সম্পদের সুষম বণ্টন, সামাজিক নিরাপত্তা বেষ্টনী বৃদ্ধিকরণই হবে আগামী দিনের অন্যতম করণীয়।

ইউএনডিপির ২০১৯ সালের প্রতিবেদন মোতাবেক `মানবসম্পদ উন্নয়ন, সূচকে ০.৬১৪ স্কোর নিয়ে বিশ্বে বাংলাদেশের অবস্থান ১৩৫তম। এ সূচকের উত্তরণ ঘটানো অত্যাবশ্যক। `মানসম্মত শিক্ষার মাধ্যমে মানব উন্নয়ন এবং জনমিতিক লভ্যাংশ আহরণ, প্রতিষ্ঠা করার কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সর্বজনীন স্বাস্থ্য পরিচর্যা, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার প্রসার-এসবের জন্য শিক্ষা ও স্বাস্থ্য খাতে ব্যয় বৃদ্ধিকরণের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

শিক্ষা ও স্বাস্থ্য খাতে সরকারি ব্যয়ের পরিমাণ ২০১৮ সালে ছিল জিডিপির মাত্র যথাক্রমে ২.০ ও ০.৭৫ শতাংশ, ২০৪১ সালে এ ব্যয় যথাক্রমে ৪.০ ও ২.০ শতাংশে উন্নীত করার পরিকল্পনা নেয়া হয়েছে।

উন্নত দেশগুলোয় জিডিপিতে সেবা খাতের অবদান ৭০-৮০ শতাংশ। ২০১৯ সমাপ্ত অর্থবছরে বাংলাদেশের জিডিপিতে সেবা খাতের অবদান ছিল মাত্র ৫১.৮২ শতাংশ। উন্নতির পথে আমাদের অর্থনীতির রূপান্তর হবে কৃষি থেকে শিল্প খাতে। এ জন্য দরকার হবে

আন্তঃসম্পর্কিত বাণিজ্য ও শিল্পনীতির সমন্বিত প্রয়োগ। এ লক্ষ্যে `একটি ভবিষ্যদ্বাদী বিশ্বব্যবস্থায় শিল্পায়ন, রফতানি বহুমুখীকরণ ও কর্মসংস্থান, এর অবকাঠামোগত প্রতিবন্ধকতা দূরীকরণ, শ্রমশক্তির দক্ষতা মান উন্নয়ন, উৎপাদনের সব পর্যায়ে উদ্ভাবন বিস্তারে গবেষণা, ব্যবসার পরিবেশের উন্নতিকরণ, পিপিপির মাধ্যমে অর্থের জোগান, জলবায়ু সহিষ্ণুতা নিশ্চিতকরণের কার্যক্রম গ্রহণ করা হবে।

টেকসই বিদ্যুৎ ও নবায়নযোগ্য জ্বালানিঃ

বিদ্যুৎ ও জ্বালানি খাতে উল্লেখযোগ্য সাফল্য অর্জিত হয়েছে । ২০১০ সালের ৫৮২৩ মেগাওয়াট উৎপাদন ২০১৯ সালে বেড়ে দাঁড়িয়েছে ১৮,৯৬১ মেগাওয়াটে। আগামী দিনে বিদ্যুৎ ও জ্বালানির চাহিদা অব্যাহতভাবে বৃদ্ধি পাবে । ২০৪১ সালে বাংলাদেশে বিদ্যুতের চাহিদা হবে ৫১,০০০ মেগাওয়াট।

`একটি উচ্চ আয় দেশের জন্য টেকসই বিদ্যুৎ ও জ্বালানি, শীর্ষক পরিকল্পনা ও কৌশল মোতাবেক সে বছর ৫৬,৭৩৪ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনে সক্ষম হবে বাংলাদেশ। এ সময়ে বিদ্যুৎ খাতে যুক্ত হবে পারমাণবিক প্রযুক্তি। ২০৪১ সালে জ্বালানি বিন্যাস হবে ৩৫ শতাংশ গ্যাস, ৩৫ শতাংশ কয়লা, ১২ শতাংশ পারমাণবিক, ১ শতাংশ তরল তেল এবং ১ শতাংশ জলীয়। বাকি ১৬ শতাংশ করতে হবে আমদানি।

বিজ্ঞান ও প্রযুক্তির প্রসারঃ

১৯৭৪ সালে জাতিসংঘের ২৯তম সাধারণ অধিবেশনে জাতির পিতা `বিজ্ঞান ও প্রযুক্তির অসাধারণ সাফল্যের, কথা তুলে ধরেছিলেন। মাননীয় প্রধানমন্ত্রীর হাত ধরে অর্জিত হয়েছে `ডিজিটাল বাংলাদেশ,। এরই ধারাবাহিকতায় ২০৪১ সাল নাগাদ একটি `আইসিটি ও বৈজ্ঞানিক গবেষণা লালনের মাধ্যমে বাংলাদেশের জন্য একটি উদ্ভাবনমুখী অর্থনীতি সৃজন,-এর পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বর্তমানের `নাগরিকের আইসিটি অভিগম্যতা,র স্কোর ৩৫.৭ থেকে বাড়িয়ে ২০৪১ সাল নাগাদ ৮৫-তে উন্নীত করার মাধ্যমে বিশ্বে ২০তম স্থান অর্জনের অঙ্গীকার করা হয়েছে।

অব্যাহত দ্রুত প্রবৃদ্ধির জন্য পরিবহন ও যোগাযোগ অবকাঠামো বিনির্মাণঃ

নগর যোগাযোগ ব্যবস্থায় এমআরটি ও মেট্রোরেলের সংযোগ, মহাসড়ক করিডোরের বর্তমানের গড় গতি ২৫-৩০ কিমি./ঘণ্টা থেকে ৮০-১০০ কিমি./ঘণ্টায় উন্নীতকরণ, সব রেললাইনকে ব্রডগেজ সিস্টেমে উন্নীতকরণ ও আধুনিক ট্রাফিক সিগন্যাল স্থাপন, জাহাজের `নোঙর দিবস, ও `গ্যাংশিফট,-এর উন্নয়ন, ড্রেজিং, নদীশাসন ও বাঁধ নির্মাণের মাধ্যমে নাব্যতার উন্নতিসাধন, বিমানবন্দরে অতিরিক্ত রানওয়ে ও ট্যাক্সিওয়ে স্থাপন, মহাসড়ক ব্যবহারকারীদের কাছ থেকে পর্যায়ক্রমে মাশুল আদায় ইত্যাদি পদক্ষেপ গ্রহণ করা হবে আগামী দু,দশক ধরে। আগামী দিনে রফতানি ভাণ্ডারে বৈচিত্র্য আনার জন্য দরকার হবে ভারী যন্ত্রপাতি ও প্রয়োজনীয় কাঁচামাল আমদানির। দরকার হবে উৎপাদিত পণ্যের দ্রুত ও সময়মতো অন্তঃপ্রবাহ এবং বহিঃবাংলাদেশ যোগাযোগ।

নগরায়ণ, টেকসই পরিবেশ উন্নয়ন নিশ্চিতকরণ ও জলবায়ু সহিষ্ণু জাতি বিনির্মাণ এবং সুনীল অর্থনীতির সম্ভাবনা উন্মোচনঃ

উচ্চ অর্থনৈতিক ঘনত্বের কারণে শহরাঞ্চলসমূহই প্রবৃদ্ধির চালিকাশক্তি। উন্নত দেশের মতো আগামী ২০৪১ সালে বাংলাদেশেও মোট জনসংখ্যার ৮০ শতাংশ লোক শহরে বাস করবে। সরকার `আমার গ্রাম আমার শহর, নীতির অধীন গ্রামাঞ্চলে শহরের সব সুবিধা প্রসারিত করার পরিকল্পনা গ্রহণ করেছে। ঢাকাকেন্দ্রিক নগরায়ণের পরিবর্তে অনেক নগরকেন্দ্রের সুষম উন্নয়নের ওপর গুরুত্বারোপ করা হয়েছে। নগরের বায়ুর মান, গণপরিবহন, ট্রাফিক, পয়ঃনিষ্কাশন, ড্রেনেজ ব্যবস্থার উন্নয়নের জন্য বৃদ্ধি করা হবে সরকারি-বেসরকারি বিনিয়োগ।

জোয়ারের স্ফীতি, লবণাক্ততা, বন্যা, নদীভাঙন, সামুদ্রিক জলোচ্ছ্বাস বাংলাদেশের নিয়মিত বৈশিষ্ট্য, যা উন্নয়নের অন্তরায়। প্রণীত `ব-দ্বীপ পরিকল্পনা ২১০০,-এর আওতায় সুনীল অর্থনৈতিক সম্পদ (মৎস্য, সি-উইড, খনিজসম্পদ) আহরণ করতে প্রাধান্য দেয়া হয়েছে। রূপকল্প ২০৪১ মূলত এক সমৃদ্ধিশালী বাংলাদেশ অর্জনে সরকারের উন্নয়ন রূপকল্প, উদ্দেশ্য ও লক্ষ্যসমূহের একটি কৌশলগত বিবৃতি এবং তা বাস্তবায়নের একটি সুচিন্তিত পথ-নকশা,। এই `পথ-নকশা,র পথ ধরেই ২০৪১ সালে অর্জিত হবে জাতির পিতার `স্বপ্নের সোনার বাংলা,।

পঞ্চম অধ্যায়

অব্যাহত অগ্রযাত্রা

রূপকল্প ২০২১ বাস্তবায়নে বাংলাদেশ যে সাফল্য দেখিয়েছে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল ও দূরদর্শী নেতৃত্বই তার প্রকৃষ্ট উদাহরণ। রূপকল্প ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে বঙ্গবন্ধুর স্বপ্ন লালিত দারিদ্র্যমুক্ত সোনার বাংলা বিনির্মাণে এগিয়ে যাবার জন্য দেশ আজ সম্পূর্ণ প্রস্তুত। এই প্রেরণাদায়ী উন্নয়ন পথে বাংলাদেশকে সঠিকভাবে পরিচালিত করতে প্রয়োজন সঠিক কৌশল, নীতি ও কর্মসূচি। সামনে পাহাড়সম সমস্যা থাকলেও তা অলঙ্ঘনীয় নয়। রূপকল্প ২০২১ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশের উন্নয়নের একটি শক্ত ভিত্তি তৈরি হয়েছে, এর উপর দাড়িয়ে রূপকল্প ২০৪১ বাস্তবায়নের একটি পথ নকশা তৈরি করা হয়েছে। রূপকল্প ২০২১ এর অভিজ্ঞতায় বাংলাদেশের উন্নয়ন সাফল্য প্রমাণ করেছে বলিষ্ঠ নেতৃত্ব, শক্তিশালী পরিকল্পনা কৌশল এবং নিবেদিত প্রচেষ্ঠার মাধ্যমে দেশকে এগিয়ে নেয়া যায়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অব্যাহত, বলিষ্ঠ ও অবিচল নীতি, নেতৃত্বে সকল চ্যালেঞ্জ মোকাবেলা করে পরিকল্পিত উন্নয়নের পথে বাংলাদেশের অদম্য অগ্রযাত্রা অব্যাহত থাকবে।

২০২০-২১ অর্থ বছরে বাস্তবায়িত কার্যক্রমের আলোকচিত্র।

শিকারপুর কমিউনিটি ক্লিনিক পরিদর্শন

কাকুরায় গৃহহীন পরিবারের জন্য নির্মিত ঘর পরিদর্শন

সুতারকান্দি স্থলবন্দর পরিদর্শন

পানি উন্নয়ন বোর্ড এর বাধ নির্মাণ কাজ পরিদর্শন

পানি উন্নয়ন বোর্ড এর বাধ নির্মাণ কাজ পরিদর্শন

পানি উন্নয়ন বোর্ড এর বাধ নির্মাণ কাজ পরিদর্শন

করতি খাল খনন ও স্লুইচ গেট পরিদর্শন

উন্নয়ন মেলা: স্বল্পোন্নত দেশে থেকে উন্নয়নশীল দেশে উত্তরণ

উন্নয়ন মেলা: স্বল্পোন্নত দেশে থেকে উন্নয়নশীল দেশে উত্তরণ

উন্নয়ন মেলা: স্বল্পোন্নত দেশে থেকে উন্নয়নশীল দেশে উত্তরণ

উন্নয়ন মেলা: স্বল্পোন্নত দেশে থেকে উন্নয়নশীল দেশে উত্তরণ

উন্নয়ন মেলা: স্বল্পোন্নত দেশে থেকে উন্নয়নশীল দেশে উত্তরণ

উন্নয়ন মেলা: স্বল্পোন্নত দেশে থেকে উন্নয়নশীল দেশে উত্তরণ

উন্নয়ন মেলা: স্বল্পোন্নত দেশে থেকে উন্নয়নশীল দেশে উত্তরণ

গৃহহীনদের জন্য নির্মিত ঘর পরিদর্শন

গৃহহীনদের জন্য নির্মিত ঘর পরিদর্শন

মোবাইল কোর্ট পরিচালনা

মোবাইল কোর্ট পরিচালনা

বন্যা আশ্রয় কেন্দ্র নির্মাণ পরিদর্শন

৩৩৩ এর মাধ্যমে সাহায্য প্রার্থীদের মধ্যে খাদ্য বিতরণ

করোনা কমিটির সভা

মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলের নগদ অর্থ বিতরণ